লোকটিকে বলে দাও সে যেন কথা বলে, ছায়াতে যায়, বসে এবং তার সাওম সমাপ্ত করে।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুতবা প্রদান করছিলেন। এক ব্যক্তিকে দাঁড়ানো দেখে তার সম্পর্কে
লোকদের কাছে জিজ্ঞাসা করলেন। লোকেরা বলল, এ লোকটির নাম আবূ ইসরাঈল। সে মানত করেছে যে, দাঁড়িয়ে থাকবে, বসবে না, ছায়াতে যাবে না, কারও সঙ্গে কথা বলবে না এবং সাওম পালন
করবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “লোকটিকে বলে দাও সে যেন কথা বলে, ছায়াতে যায়, বসে এবং তার সাওম সমাপ্ত করে।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

হাদীসে বর্ণিত সাহাবী মানত করেছেন যে, কারও সঙ্গে কথা বলবেন না, খাদ্য ও পানীয় গ্রহণ করবেন না, রোদে দাঁড়িয়ে থাকবেন, ছায়াতে যাবেন না। এ ধরনের কাজে রয়েছে মানুষের শারীরিক ও মানসিক কষ্ট দেওয়া। এ প্রকারের মানত করা হারাম। এ কারণেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ ধরনের মানত করতে নিষেধ করেছেন। তবে তিনি লোকটিকে সাওম পূর্ণ করতে নির্দেশ দিয়েছেন। কেননা সাওম পালন করা শরীয়তসম্মত ইবাদাত। আর কোনো ব্যক্তি শরীয়তসম্মত ইবাদাত পালন করার ব্যাপারে মানত করলে তাকে তা পূর্ণ করতে হয়। তবে কেউ শরী‘আত বর্হিভূত কোনো ইবাদাতের মানত করলে তা পূর্ণ করা তার জন্য অপরিহার্য নয়; বরং তা পালন করা হারাম।

https://sunnah.global/hadeeth/bn/show/5835